রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুন ৪, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সুরক্ষা সেবা বিভাগ**

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ/২৮ মে ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ১৫৪-আইন/২০২৪।**—মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ খ্রিষ্টাব্দের ৬৩নং আইন) এর ধারা ৬৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মচারী (পোশাক ও সামগ্রী প্রাধিকার) বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **'অধিদপ্তর'** অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর;

(২) **'তফসিল'** অর্থ এই বিধিমালার তফসিল;

(৩) **'পরিশিষ্ট'** অর্থ এই বিধিমালার পরিশিষ্ট;

(৪) **'পরিধান'** অর্থ বিধি ৩ এর দফা (১) এ বর্ণিত প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীগণের বাধ্যতামূলক পরিধান, তবে গোয়েন্দা কার্যক্রম পরিচালনার ক্ষেত্র ব্যতীত অন্যান্য দাপ্তরিক কার্যক্রমে এই পোশাক পরিধান প্রযোজ্য হইবে;


**মূল্য :** টাকা ১২.০০

(৫) **'পোশাক ও সামগ্রী'** অর্থ তফসিলে বর্ণিত পোশাক ও সামগ্রী; এবং

(৬) **'প্রাধিকারপ্রাপ্ত কর্মচারী'** অর্থ বিধি ৩ এর দফা (১) এ বর্ণিত কর্মচারী।

৩। **প্রযোজ্যতা।**—(১) এই বিধিমালা অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:—

(ক) অতিরিক্ত পরিচালক;

(খ) উপপরিচালক;

(গ) সহকারী পরিচালক;

(ঘ) প্রসিকিউটর;

(ঙ) পরিদর্শক;

(চ) সহকারী প্রসিকিউটর;

(ছ) উপপরিদর্শক;

(জ) সহকারী উপপরিদর্শক;

(ঝ) সিপাই;

(ঞ) ওয়্যারলেস অপারেটর; এবং

(ট) গাড়িচালক।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত কর্মচারীগণ তফসিল অনুযায়ী পোশাক ও সামগ্রী বিনামূল্যে প্রাপ্য হইবেন;

তবে শর্ত থাকে যে, উপ-বিধি (১) এ বর্ণিত যেসকল প্রাধিকারপ্রাপ্ত কর্মচারী গ্রেড-১৭, গ্রেড-১৮, গ্রেড-১৯ ও গ্রেড-২০-ভুক্ত তাহারা জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রচলিত প্রাধিকারপ্রাপ্তির বিধান মোতাবেক সংশ্লিষ্ট পোশাক ও সামগ্রী প্রাপ্য হইবেন না।

(৩) এই বিধিমালা অনুযায়ী অধিদপ্তরের কর্মচারীগণের জন্য নির্ধারিত পোশাক নকল করিয়া অন্য কেহ জ্ঞাতসারে পরিধান করিলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ধারা ৪২ এর উপধারা (১) অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, বিশেষ প্রয়োজনে সিনেমা, নাটক বা অন্যান্য সাংস্কৃতিক বা প্রচারণামূলক কর্মকাণ্ডে অধিদপ্তরের মহাপরিচালকের অনুমতি গ্রহণপূর্বক উক্ত পোশাক পরিধান করা যাইবে।

৪। **সংগ্রহ প্রক্রিয়া।**—(১) অর্থ-বৎসরের ভিত্তিতে প্রচলিত আইন ও বিধি-বিধান অনুসরণপূর্বক পোশাক ও সামগ্রী সংগ্রহের ব্যবস্থা করিতে হইবে।

(২) অধিদপ্তরের অধীন সকল কার্যালয়ের চাহিদার ভিত্তিতে পোশাক ও সামগ্রীর পরিমাণ নির্ধারণপূর্বক সংগ্রহ প্রক্রিয়া সম্পন্ন করা যাইবে:

তবে শর্ত থাকে যে, প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীগণের মধ্যে কর্মরত মোট জনবলের ১০ (দশ) শতাংশের জন্য প্রয়োজনীয় পরিমাণ পোশাক ও সামগ্রীর অতিরিক্ত সংগ্রহ করা যাইবে।

৫। **সরবরাহ পদ্ধতি।**—(১) অধিদপ্তরে যোগদানের পর বিধি ৩ এর দফা (১) এ বর্ণিত কর্মচারীগণকে নূতন পোশাক ও সামগ্রী এবং পরবর্তীকালে অর্থ-বৎসরের ভিত্তিতে পোশাক ও সামগ্রী সরবরাহ করিতে হইবে।

(২) তফসিলে উল্লিখিত পোশাক ও সামগ্রী ব্যবহার অযোগ্য হইলে অফিস প্রধানের নিকট জমা প্রদান করিতে হইবে এবং তিনি উহা ধ্বংসের ব্যবস্থা গ্রহণ করিবেন।

৬। **ক্ষয়ক্ষতিজনিত ব্যবস্থা।**—(১) বিধি ৩ এর দফা (১) এ বর্ণিত কর্মচারীগণ কর্তৃক দায়িত্ব পালনকালে ব্যবহার্য পোশাক ক্ষতিগ্রস্ত হইলে প্রয়োজনীয় তদন্তের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করিয়া পুনরায় উহা সরবরাহ করা যাইবে।

(২) কোনো পোশাক ও সামগ্রী হারাইয়া গেলে বা ক্ষতিগ্রস্ত হইলে তদন্তসাপেক্ষে দায়ী কর্মচারীর নিকট হইতে প্রয়োজনীয় মূল্য আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করিয়া নূতন পোশাক ও সামগ্রী সরবরাহ করিতে হইবে।

(৩) পোশাক ও সামগ্রী ইস্যু করা হইয়াছে এমন কর্মচারী পলাতক হইলে কিংবা দুর্ঘটনা বা মৃত্যুর কারণে পোশাক ও সামগ্রী পাওয়া না গেলে অফিস প্রধান কর্তৃক ঘাটতি নির্ধারণপূর্বক হারানো বিবৃতি (Loss Statement) প্রস্তুত করিয়া অবিলম্বে মহাপরিচালককে অবহিত করিতে হইবে।

৭। **প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীগণের পোশাক।**—প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীগণের নিম্নবর্ণিত ছক-১ এ বর্ণিত পোশাক থাকিবে, যথা:—

**ছক-১**

| নং | পোশাক ও অন্যান্য উপাদান | বিবরণ ও প্রাধিকারপ্রাপ্ত কর্মচারী |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ব্যারেট ক্যাপ (Baret Cap) ও ফিল্ড ক্যাপ (Field Cap) | বৎসরের সকল সময়ই অধিদপ্তরের অনুমোদিত মনোগ্রামসহ ব্ল্যাক ব্যারেট (Black Baret) ক্যাপ পরিধান করিতে হইবে এবং পাশাপাশি গ্রীষ্মকালে অধিদপ্তরের মনোগ্রাম-সংবলিত ও অনুমোদিত ব্ল্যাক ব্যারেটের সহিত ব্ল্যাক ফিল্ড ক্যাপ (Black Field Cap)-ও পরিধান করিতে পারিবে। |
| ২। | শার্ট | আইভরি বেইজ (Panton 17-4014 Tex) রঙের সেলুলার কাপড়ের তৈরি বুক খোলা ফুলহাতা শার্ট ও হাফহাতা শার্ট এবং সমান ৩"-৪" পরপর শার্টের বোতাম, ফ্ল্যাপ দেওয়া শার্টের দুইটি বুকপকেট ও শোল্ডার স্ট্রিপ থাকিবে; বুকপকেট আনুমানিক ৪"-৬" মাপের হইবে এবং শোল্ডার স্ট্রিপে ইংরেজিতে 'DNC' শব্দ-সংক্ষেপটি লাগানোর জন্য প্রতি শোল্ডারের উপর দুই লুপ থাকিবে। পোশাকের বাম হাতায় অধিদপ্তরের অনুমোদিত মনোগ্রাম (লাল, সবুজ, সাদা রংযুক্ত)-সংবলিত ডিপ সাইন (Deep Sign) সংযোজন করিতে হইবে। |
| ৩। | প্যান্ট | কালো (Panton 19-0303 Tex) ড্রিল কাপড়ের তৈরি ফুলপ্যান্ট, ফুলপ্যান্টের নিম্ন প্রান্ত না উলটাইয়া সোজা ভাঁজ থাকিবে এবং প্যান্টের পিছনের ডান দিকে একটি হিপপকেটসহ দুই পার্শ্বে দুইটি সোজা পকেট থাকিবে; হিপ পকেট ৫" খোলা ও ৭" গভীর হইবে এবং পার্শ্ব পকেট দুইটি ৭" খোলা থাকিবে; সিপাই হইতে উপপরিদর্শক পর্যন্ত ফুলপ্যান্টের বাম ও ডান পায়ে হাঁটু বরাবর সোজা পকেট থাকিবে এবং পকেট ৫" খোলা ও ৭" গভীর হইবে। |
| ৪। | বোতাম | কাপড়ের রঙের সহিত মানানসই বোতাম হইবে। |
| ৫। | জার্সি | শীত মৌসুমের জন্য আইভরি বেইজ (Panton 17-4014 Tex) রঙের শার্টের উপর আইভরি বেইজ রঙের লম্বা হাতার আইভরি বেইজ জার্সি এবং শোল্ডার স্ট্রিপে 'DNC' শব্দসংক্ষেপটি লাগানোর জন্য শোল্ডার জয়েন্টে ছিদ্র থাকিবে; জার্সির কনুইয়ের জায়গায় অতিরিক্ত আইভরি বেইজ রঙের কাপড়ের মানানসই পট্টি থাকিবে এবং গেজেটেড অফিসারদের জার্সিতে ৫"-৭" মাপের দুইটি পকেট থাকিবে। |

| নং | পোশাক ও অন্যান্য উপাদান | বিবরণ ও প্রাধিকারপ্রাপ্ত কর্মচারী |
|---|---|---|
| ৬। | বেল্ট | পরিদর্শক হইতে অতিরিক্ত পরিচালক পর্যন্ত কোমরে কালো চামড়ার বেল্ট এবং সঙ্গে ধাতব (এসএস) বকলেস থাকিবে। বকলেসে অধিদপ্তরের অনুমোদিত মনোগ্রাম (লাল, সবুজ, সাদা রংযুক্ত) খোদাই করিয়া বসানো হইবে। সিপাই হইতে উপপরিদর্শক পর্যন্ত কালো ওয়েব বেল্ট (Male এবং Female) ধাতব (এসএস) হুকসহ থাকিবে। |
| ৭। | আইভরি বেইজ (Panton 17-4014 Tex) হ্যাভার সেক | সিপাই হইতে উপপরিদর্শক পর্যন্ত কর্মচারীগণের আইভরি বেইজ রঙের কাপড়ের তৈরি হ্যাভার সেক মানানসই মাপের হইবে। |
| ৮। | ওভারকোট | আইভরি বেইজ (Panton 17-4014 Tex) রঙের ওভারকোট যাহাতে শোল্ডার স্ট্রিপ, ডবল কাফ স্ট্যান্ড, হুক, গোল ছিদ্র ও ফুল কলার থাকিবে এবং সামনের অংশে 'DNC' খোদাই পিতলের তিনটি বড় বোতাম থাকিবে। |
| ৯। | জুতা ও মোজা | অক্সফোর্ড নমুনার পাঁচটি আইলেটযুক্ত কালো জুতা এবং নাইলনের কালো মোজা হইবে। |
| ১০। | ব্যাজ | অ্যালুমিনিয়ামের তৈরি 'DNC' লিখিত ব্যাজ হইবে। ব্যাজে ডিএনসির অনুমোদিত মনোগ্রাম (লাল, সবুজ ও সাদা রংযুক্ত) খোদাই করা থাকিবে। পোশাকের ডান পকেটের উপরে ব্যাজ (Hanging Badge) সংযোজন এবং বাম পকেটের উপর প্রাপ্ত সম্মাননার ভিত্তিতে রিবন ব্যাজ (Award Badge) পরিধান করা যাইবে। |
| ১১। | নামফলক | ডান পকেটের উপরে কালো রঙের নামফলকের মধ্যে সাদা রঙের কর্মচারীর নামের প্রধান অংশ থাকিবে, পাশাপাশি রক্তের গ্রুপ সংযোজন করিতে হইবে (যেমন : B+, O- ইত্যাদি)।<br><br>কর্মচারীর বাংলা অক্ষরে নামের প্রধান অংশ-সংবলিত নামফলকের নিম্নরূপ মাপ ও আকার হইবে, যথা:—<br><br>উপকরণ : গাঢ় কালো রঙের প্লাস্টিক শিট<br>দৈর্ঘ্য : ৩"<br>প্রস্থ : ৩/8"<br>পুরুত্ব : ১/৮"<br>পিতলের সেফটি পিনের দৈর্ঘ্য : ২-১৬/৫"<br>পিতলের সেফটি পিনের মাপ : ১৬ এস ডাব্লিউজি<br>হুকের আকৃতি : ১৬/৩<br>অক্ষর : সাদা |

| নং | পোশাক ও অন্যান্য উপাদান | বিবরণ ও প্রাধিকারপ্রাপ্ত কর্মচারী |
|---|---|---|
| ১২। | হুইসেল ও কালো রঙের লিনিয়ার্ড | কর্মচারীর কালো রঙের লিনিয়ার্ডসহ হুইসেল থাকিবে। |
| ১৩। | ব্যাটন | ২.৫ ফুট দৈর্ঘ্যবিশিষ্ট বেতের ব্যাটন হইবে। |
| ১৪। | রেইনকোট | বর্ষা মৌসুমে কর্মচারীগণ প্রয়োজনে আইভরি বেইজ (Panton 17-4014 Tex) রঙের রেইনকোট পরিধান করিতে পারিবে। |
| ১৫। | আনুষ্ঠানিক (Ceremonial) পোশাক | পরিদর্শক হইতে অতিরিক্ত পরিচালক পর্যায়ের কর্মচারীগণ রাষ্ট্রীয় অনুষ্ঠানে পরিধানের জন্য টার্কিশ ব্লু পোশাকি রং এবং অধিদপ্তরের অনুমোদিত মনোগ্রাম (লাল, সবুজ ও সাদা রংযুক্ত)-খচিত টিউনিক (Tunic) পরিধান করিবে এবং পাশাপাশি কালো রঙের পিকড ক্যাপ (Peaked Cap) পরিধান করিতে হইবে। |
| ১৬। | ব্লেজার ও টাই | পরিদর্শক হইতে অতিরিক্ত পরিচালক পর্যায়ের কর্মচারীগণকে শীতকালের জন্য আইভরি বেইজ (Panton 17-4014 Tex) রঙের ব্লেজার এবং টাই পরিধান করিতে হইবে। |

৮। **মহিলা কর্মচারীগণের পোশাক।**—মহিলা কর্মচারীগণকে আইভরি বেইজ (Panton 17-4014 Tex) রঙের বুশ শার্ট, কালো (Panton 19-0303 Tex) প্যান্ট এবং বুশ শার্টের উপরে ২" (দুই ইঞ্চি) প্রস্থের বেল্ট পরিধান করিতে হইবে।

৯। **র‌্যাংক ব্যাজ।**—কর্মচারীগণের র‌্যাংক ব্যাজ নিম্নবর্ণিত ছক-২ অনুযায়ী হইবে, যথা:—

**ছক-২**

| নং | পদবি | র‌্যাংক |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | অতিরিক্ত পরিচালক | পরিশিষ্ট এর ক্রমিক নং ১ এর নমুনা-অনুযায়ী ১টি শাপলার সহিত অ্যালুমিনিয়ামের তৈরি শাপলা ফুল-সংবলিত চারকোনাবিশিষ্ট ২টি পিপ্‌স ও কলার রিবন। |
| ২। | উপ-পরিচালক | পরিশিষ্ট এর ক্রমিক নং ২ এর ২(খ) নমুনা অনুযায়ী ১টি শাপলা। উপ-পরিচালক হিসাবে ৪ বৎসরের উর্ধ্বে চাকরিকাল হইলে পরিশিষ্ট এর ক্রমিক নং ২(ক) এর নমুনা-অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি শাপলা ফুল-সংবলিত চারকোনা বিশিষ্ট ১টি পিপ্‌স ও ১টি শাপলা। |
| ৩। | সহকারী পরিচালক | পরিশিষ্ট এর ক্রমিক নং ৩ এর ৩(খ) নমুনা-অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি শাপলা ফুল-সংবলিত চারকোনাবিশিষ্ট ২টি পিপ্‌স। সহকারী পরিচালক পদে ৪ বৎসরের উর্ধ্বে চাকরিকাল হইলে পরিশিষ্ট এর ক্রমিক নং ৩(ক) এর নমুনা অনুযায়ী ৩টি পিপ্‌স। |

| নং | পদবি | র‌্যাংক |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৪। | প্রসিকিউটর/পরিদর্শক | পরিশিষ্ট এর ক্রমিক নং ৪ এর নমুনা অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি শাপলা ফুল-সংবলিত চারকোনা বিশিষ্ট ১টি পিপস। |
| ৫। | সহকারী প্রসিকিউটর/ উপপরিদর্শক | পরিশিষ্ট এর ক্রমিক নং ৫ এর নমুনা-অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি শাপলা ফুল-সংবলিত চারডানাযুক্ত ২টি স্টার ও ১টি কালো রঙের রিবন। |
| ৬। | সহকারী উপপরিদর্শক | পরিশিষ্ট এর ক্রমিক নং ৬ এর নমুনা-অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি শাপলা ফুল-সংবলিত চারডানাযুক্ত ১টি স্টার ও ১টি কালো রঙের রিবন। |
| ৭। | ওয়্যারলেস অপারেটর/ সিপাই | পরিশিষ্ট এর ক্রমিক নং ৭ এর নমুনা অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি 'DNC' লিখিত শোল্ডার স্ট্রিপ। |
| ৮। | গাড়িচালক | পরিশিষ্ট এর ক্রমিক নং ৮ এর নমুনা-অনুযায়ী অ্যালুমিনিয়ামের তৈরি 'DNC' লিখিত শোল্ডার স্ট্রিপ ও একটি কালো রঙের রিবন। |

১০। **শৃঙ্খলামূলক ব্যবস্থা।**—এই বিধিমালার বিধান প্রতিপালনে ব্যর্থ হইলে উহা অসদাচরণ বলিয়া গণ্য হইবে এবং সংশ্লিষ্টদের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর অধীন ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১১। **অসুবিধা দূরীকরণ।**—এই বিধিমালা কার্যকরকরণের ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে উহা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সংগতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

১২। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মচারীগণের (পোশাক ও সামগ্রী প্রাধিকার) বিধিমালা, ২০২১, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন-

(ক) কৃত কাজকর্ম বা গৃহীত কোনো ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত কোনো কার্যক্রম নিষ্পন্নাধীন থাকিলে উহা উক্ত বিধিমালার অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে, যেন এই বিধিমালা রহিত হয় নাই।






**তফসিল**
**[বিধি ২(২) দ্রষ্টব্য]**




মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মচারীগণের পোশাক ও সামগ্রী এবং প্রাধিকার

| ক্রমিক নং | পোশাক ও সামগ্রীর নাম | প্রাধিকার | আয়ুষ্কাল | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | আইভরি বেইজ (Panton 17-4014 Tex) ফুলহাতা শার্ট | ২ (দুই) সেট | ১ (এক) বৎসর | কেবল পুরুষ কর্মচারীগণের জন্য |
| ২। | আইভরি বেইজ (Panton 17-4014 Tex) হাফহাতা শার্ট | ২ (দুই) সেট | ২ (দুই) বৎসর | কেবল পুরুষ কর্মচারীগণের জন্য |
| ৩। | কালো (Panton 19-0303 Tex) ফুল প্যান্ট | ২ (দুই) সেট | ১ (এক) বৎসর | কেবল পুরুষ কর্মচারীগণের জন্য |
| ৪। | জুতা | ২ (দুই) জোড়া | ১ (এক) বৎসর | |
| ৫। | মোজা | ৩ (তিন) জোড়া | ১ (এক) বৎসর | |
| ৬। | জার্সি | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |
| ৭। | কালো চামড়ার বেল্ট | ২ (দুই) টি | ২ (দুই) বৎসর | |
| ৮। | নাইলন বেল্ট | ২ (দুই) টি | ১ (এক) বৎসর | |
| ৯। | আইভরি বেইজ (Panton 17-4014 Tex) হ্যাভার সেক | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |
| ১০। | ওভারকোট | ১ (এক) টি | ৩ (তিন) বৎসর | |
| ১১। | ব্যাজ | ১ (এক) সেট | ১ (এক) বৎসর | |
| ১২। | নামফলক | ১ (এক) টি | ২ (দুই) বৎসর | |
| ১৩। | হুইসেল ও কালো রঙের লিনিয়ার্ড | ১ (এক) টি | ২ (দুই) বৎসর | |

| ক্রমিক নং | পোশাক ও সামগ্রীর নাম | প্রাধিকার | আয়ুষ্কাল | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৪। | ব্যাটন | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |
| ১৫। | র‌্যাংক ব্যাজ | ১ (এক) সেট | ২ (দুই) বৎসর | |
| ১৬। | ব্যারেট ক্যাপ (Baret Cap) | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |
| ১৭। | ফিল্ড ক্যাপ (Field Cap) | ২ (দুই) টি | ১ (এক) বৎসর | |
| ১৮। | পিকড ক্যাপ (Peaked Cap) | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |
| ১৯। | হ্যাংগিং ব্যাজ | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |
| ২০। | রেইনকোট | ১ (এক) টি | ১ (এক) বৎসর | |
| ২১। | বুশ শার্ট | ২ (দুই) সেট | ১ (এক) বৎসর | কেবল মহিলা কর্মচারীগণের জন্য |
| ২২। | কালো (Panton 19-0303 Tex) প্যান্ট | ২ (দুই) সেট | ১ (এক) বৎসর | কেবল মহিলা কর্মচারীগণের জন্য |
| ২৩। | আনুষ্ঠানিক (Ceremonial) পোশাক (Tunic) | ১ (এক) সেট | ২ (দুই) বৎসর | |
| ২৪। | শীতকালীন ব্লেজার | ১ (এক) সেট | ২ (দুই) বৎসর | |

পরিশিষ্ট
[ বিধি ২ এর দফা (৩) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদবি | র‍্যাংক ব্যাজ |
|---|---|---|
| ১ | অতিরিক্ত পরিচালক |  |
| ২. (ক) | উপপরিচালক (৪ বছরের উর্ধ্বে) |  |
| ২. (খ) | উপপরিচালক |  |
| ৩. (ক) | সহকারী পরিচালক (৪ বছরের উর্ধ্বে) |  |
| ৩. (খ) | সহকারী পরিচালক |  |
| ৪ | প্রসিকিউটর / পরিদর্শক |  |

| ক্রমিক নং | পদবি | র‍্যাংক ব্যাজ |
|---|---|---|
| ৫ | সহকারী প্রসিকিউটর / উপপরিদর্শক |   |
| ৬ | সহকারী উপপরিদর্শক |   |
| ৭ | ওয়্যারলেস অপারেটর / সিপাই |   |
| ৮ | গাড়ীচালক |   |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd